আলমডাঙ্গায় দুই মাদকসেবীর ৬ মাসের কারাদণ্ড

আলমডাঙ্গায় দুই মাদক ব্যবসায়ীকে ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। আজ বুধবার সকালে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদের নেতৃত্বে পরিচালিত ভ্রাম্যমাণ আদালত তাদেরকে সাজা দিয়ে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন।

সাজাপ্রাপ্তরা হলেন, পৌর এলাকার গোবিন্দপুর মাঠপাড়া মৃত আক্কাস আলীর ছেলে মুরাদ হোসেন (৩৫), কালিদাসপুর ইউনিয়নের জগন্নাথপুর গ্রামের মৃত চান্দালীর ছেলে সৈয়দ আলী (৫৫)।

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সহকারী পরিচালক শরিয়তুল্লাহ জানান, গোপন সূত্রে খবর পেয়ে বুধবার সকালে উপজেলার গোবিন্দপুর ও জগন্নাথপুর গ্রামে পৃথক অভিযান চালায়। অভিযানকালে মুরাদ হোসেনকে দুই পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন ও সৈয়দ আলীকে ২ পিস এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশনসহ তাদের আটক করা হয়। পরে তাদের

সোপর্দ করা হলে ভ্রাম্যমাণ আদালত তাদের সাজা দিয়ে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন। তিনি বলেন, উদ্ধারকৃত এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইনজেকশন জব্দ করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনাকারী সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ জানান, ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধিত ২০০৪) আইনে তাদের সাজা দেওয়া হয়েছে।

চুয়াডাঙ্গার পুলিশ সুপার বদলি,

নতুন পুলিশ সুপার ফয়জুল রহমান

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনকে বদলি করার হয়েছে। নতুন পুলিশ সুপার (এসপি) হিসেবে ঢাকা মেট্রোপলিটনের উপ-পুলিশ কমিশনার আর. এম ফয়জুল রহমান নিয়োগ দেয়া হয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে জারি করা দুটি পৃথক প্রজ্ঞাপনে এ বদলি করা হয়। গতকাল মঙ্গলবার (১৪ নভেম্বর) রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপনে সই করেন উপসচিব সিরাজাম মুনিরা।

এদিকে চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ-আল-মামুনকে নৌ পুলিশে বদলি করা হয়েছে।

জীবননগরের আ. লীগের মনোনয়ন প্রত্যাশী বকুলের গ্রেফতারের দাবিতে ব্যবসায়ীদের মানববন্ধন

জীবননগর উপজেলার উথলী বাসস্ট্যান্ড বাজারে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য মনোনয়ন প্রত্যাশী সাদিকুর রহমান বকুলের নেতৃত্বে ব্যবসায়ীদের পিটিয়ে আহত, ব্যবসা প্রতিষ্ঠানে হামলা,ভাংচুর লুটপাটের প্রতিবাদে ও হামলার নির্দেশ দাতা বকুল কে অবিলম্বে গ্রেফতারের দাবিতে মানববন্ধন করেছে ব্যবসায়ীরা। ৭ দিনের মধ্যে আসামীদেরকে গ্রেফতার করা না হলে আরও কঠোর কর্মসূচির ঘোষণা দেন তারা।
বুধবার(১৫ নভেম্বর) বেলা ১১ টায় উথলী বাসস্ট্যান্ড বাজারে এই মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।
ব্যবসায়ীরা বলেন,গতকাল মঙ্গলবার সন্ধ্যায় মাগরিবের নামাজের সময় সাদিকুর রহমান বকুল তার সন্ত্রাস বাহিনী নিয়ে আমাদের ব্যবসা প্রতিষ্ঠানে হামলা চালায়। অনেক ব্যবসায়ীকে পিটিয়ে আহত করে। দোকানপাট ভাংচুর করে লুটপাট করে নিয়ে চলে যায়।তাদের হাত থেকে ভ্যানচালক, প্রতিবন্ধী কেও রক্ষা পায়নি। আমরা রাজনীতির সাথে সম্পৃক্ত না আমরা সাধারণ ব্যবসায়ী। আমাদের ওপর হামলার নিন্দা ও

প্রতিবাদ জানচ্ছি। আগামী ৭ দিনের মধ্যে প্রধান আসামী বকুল সহ অন্যান্য আসামীদের গ্রেফতার না হলে আমরা আরও কঠোর কর্মসূচির ঘোষণা করবো।
উল্লেখ্য যে, গতকাল মঙ্গলবার বিকাল থেকে জীবননগর শহরে সাদিকুর রহমান বকুলের নেতৃত্বে তার কর্মী সমর্থক বাহিনী দেশীয় অস্ত্রসহ লাঠি নিয়ে জীবননগর শহরে ব্যাপক তান্ডব চালায়। পরে জীবননগর থেকে ফেরার পথে সন্ধ্যায় উথলী ডিগ্রি কলেজের সামনে ট্রাক ও গাড়ী ভাংচুর করে। বাসস্ট্যান্ড বাজারের ব্যবসায়ীদের পিটিয়ে আহত করে দোকান ভাংচুর ও লুটপাট করে। এই ঘটনায় ৬ জন ব্যবসায়ী গুরুতর আহত হয়। পরে আহতদের জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।গতকাল রাতে জীবননগর থানায় ২ টি মামলায় ৯ জনের নাম উল্লেখ সহ ৪০-৫০ জন অজ্ঞাতনামা আসামী করে মামলা করে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা।
গতরাতে আব্দুল্লাহ আল মামুন নামের এক আসামীকে গ্রেফতার করে জীবননগর থানা পুলিশ। প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন উথলী বাজার কমিটির সভাপতি আসাদুর রহমান বিশ্বাস, সাধারণ সম্পাদক সোহেল আহম্মেদ প্রদীপ।

জীবননগরে ভুয়া চিকিৎসকসহ তিন প্রতিষ্ঠানে ৪৬ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগরে ভুয়া চিকিৎসকসহ দুই ডায়াগনস্টিক সেন্টার ও ক্লিনিক মালিককে ৪৬ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। বুধবার (১৫ নভেম্বর) বেলা সাড়ে ১১টার দিকে এ অভিযান পরিচালনা করেন জীবননগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র।
ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, জীবননগর মা ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টারে অভিযান পরিচালনা করেন ভ্রাম্যমাণ আদালত। এসময় সেখানে সরকার নির্ধারিত মূল্যেও চেয়ে অতিরিক্ত মূল্যে সেবা প্রদানের অভিযোগ প্রমাণিত হয়। ফলে ভোক্তা অধিকার আইন ২০০৯ এর ৪০ ধারা মোতাবেক প্রতিষ্ঠানটির মালিক জাকির আহমেদকে ৬ হাজার টাকা জরিমানা করা হয়।
পরে জীবননগর জননী ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টারে অভিযান পরিচালনা করা হয়। প্রতিষ্ঠানটি গ্রাম্য চিকিৎসক দিয়ে চিকিৎসসেবা

প্রদান করে আসছিল। অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রতিষ্ঠানটির মালিক আব্দুল মান্নানকে ভোক্তা অধিকার আইন ২০০৯ এর ৫৩ ধারা মোতাবেক ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সাথে গ্রাম্য চিকিৎসক হয়ে নামের সাথে ডিএমএফ ডিগ্রি লেখা ও রোগীদের সাথে প্রতারণা করার অভিযোগে ভুয়া চিকিৎসক শরিফুদ্দীনকে মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন ২০ এর ২৮ ধারা মোতাবেক ১০ হাজার টাকা জরিমানা করা হয়। একই দিন জীবননগর মর্ডান ডায়াগনস্টিক সেন্টারে অভিযান পরিচালনা করে তাদেরকে সতর্ক করে দেওয়া হয়। ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট তিথি মিত্র জানান, চিকিৎসাসেবার মতো এমন একটি বিষয়ে প্রতারণা মারাত্মক একটি অপরাধ। চলমান এ অভিযান অব্যাহত থাকবে।
ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহযোগিতা করেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার সাবাহ বিন মজিদ, স্যানিটারি ইন্সপেক্টর আনিসুর রহমানসহ জীবননগর থানা পুলিশের একটি দল।

কার্পাসডাঙ্গায় মাদক বিরোধী অভিযানে গ্রেফতার ১

কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির মাদক বিরোধী অভিযানে ৫০০ গ্রাম গাঁজা সহ ঠাকুরপুর গ্রামের রাজেন সালেহ গ্রেফতার।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় অফিসার ইনচার্জ দামুড়হুদা মডেল থানা মোঃ আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই (নিঃ) ইমরান হোসেন, সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে গতকাল আনুমানিক ০৭: ৪০ মিনিটের সময় দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা গ্রামস্থ কাপাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর সামনে পাকা রাস্তার উপর থেকে আসামী দামুড়হুদা উপজেলার ঠাকুরপুরের মোঃ ইদ্রিস আলীর ছেলে মোঃ রাজিন সালেহ (২৫) কে ৫০০ (পাঁচশত) গ্রাম অবৈধ মাদকদ্রব্য গাঁজা সহ হাতেনাতে গ্রেফতার করে।

পরে গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়।

দর্শনায় দুইদিন ব্যাপী তাবুবাস ও দীক্ষা অনুষ্ঠান-২০২৩ অনুষ্ঠিত

দর্শনায় দুইদিন ব্যাপী তাবুবাস ও দীক্ষা অনুষ্ঠান-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা জেলার ১১টি সরকারী ও বেসরকারী কলেজ থেকে শতাধিক নারী-পুরুষ রোভার এ সমাবেশে অংশ নেয়। গত ১৩ ও ১৪ নভেম্বর দর্শনা সরকারী কলেজ রোভার স্কাউট গ্রুপ এর আয়োজনে এ তাবুবাস ও দীক্ষা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গতকাল মঙ্গলবার রাত ৮টায় ও ক্যাম্প ফায়ার অনুষ্ঠানে দর্শনা সরকারী কলেজের রোভার স্কাউটদের আয়োজনে নানা অনুষ্ঠান পরিবেশনের মাধ্যমে দুইদিন ব্যাপী অনুষ্ঠানের সমাপ্তি হয়। সন্ধায় ক্যাম্প ফায়ারের কাঠের কুনডুলিতে অগ্নি সংযোগ করেন, প্রধান অতিথি অধ্যক্ষ আব্দুস ছাত্তার। ক্যাম্প ফায়ারের পূর্বে সকাল থেকে সারাদিন হাইকিং ও দর্শনা কেরু চিনিকল ও ডিষ্টিলারী পরিদর্শন, সন্ধায় তাবু জলসা।

তাবু জলসা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বড় সলুয়া নিউ মডেল ডিগ্রী কলেজের অধ্যক্ষ আব্দুস ছাত্তার তিনি তার বক্তব্য রাখতে গিয়ে বলেন, রোভার স্কাউট একটি স্বেচ্ছাসেবী দল। দেশের যে কোন দুযোর্গে সেবা দিয়ে থাকেন। নীতি নৈতিকতা ও সমাজে সৃজনশীল কার্যক্রমের মাধ্যমে একটি সুস্থ সমাজ ব্যবস্থা গড়ে তুলতে সহায়তা আসছে রোভার স্কাউট।

অনুষ্ঠানের শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন স্কাউট ব্যক্তিত্ব মাহফুজুর রহমান। এছাড়া আরো উপস্থিত ছিলেন, বড় সলুয়া মডেল ডিগ্রী কলেজের সিনিয়ার প্রভাষক আব্দুল করিম, দর্শনা ডিএস মাদ্রাসার রোভার ইউনিট লিডার প্রতিনিধি মনজুর আহম্মেদ ও জয়নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী লিডার টেইনার খুলনা অঞ্চলের সুর্পনা দাস ও দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন। প্রথম দিনের অনুষ্ঠানের উদ্বোধন করেন, দর্শনা সরকারী কলেজের অধ্যক্ষ

রেজাউল করিম ও ক্যাম্প চীফ ড. মফিজুর রহমান।

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়ন আওয়ামীলীগের কর্মী সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১০ টায় উপজেলার মীর খুস্তার আলী মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়। কর্মী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও ১ আসনের সংসদ সদস্য বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে সেলুন জোয়াদ্দার বলেন, এই এলাকায় আপনারা বসবাস করেন। যখন আওয়ামীলীগ ক্ষমতায় ছিলো না, তখন ভয়ে অনেকেই আলমডাঙ্গায় বসবাস করত। এই সরকারের আমলে সকল সন্ত্রাস নির্মূল করা হয়েছে। আপনারা সমালোচনা করছে, কিন্তু প্রধানমন্ত্রীর উন্নয়ের কথা বলছেন না। কেনো, দেশে কর্ণফুলী টালেন, পদ্মাসেতু, এলিভেটেড এক্সপ্রেস সহ মেট্রোরেল এখন দৃশ্যমান।

তিনি আরো বলেন, রাস্তা, কমিউনিটি ক্লিনিক স্কুল-কলেজ গুলো ব্যাপক উন্নয়নের মাধ্যমে দেশের আমূল পরিবর্তন হয়েছে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে নৌকায় ভোট দিতে হবে। এই কর্মী সভায় যারা আসেনি, তাদের জিজ্ঞাসা করবেন, তারা কেনো নৌকায় ভোট দিবেন না। সরকার এখন দেশে ৫১ রকম ভাতা দিচ্ছে। এই এলাকার অনেক রাস্তা নষ্ট হয়ে গেছে। সেগুলো দ্রুতই নতুন করে সংস্কার করা হবে। প্রতিটি স্কুলে নতুন ভবনও নির্মাণ করা হবে।

প্রধান অতিথি বলেন, শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় আনতে নৌকায় ভোট দিতে হবে। শেখ মুজিবুর রহমানের নৌকা, শেখ হাসিনার নৌকা মানেই উন্নয়ন। এক সময় অনেকে মন্তব্য করেছিল। শেখ হাসিনা রাষ্ট্র ক্ষমতায় আসলে মাথায় সিঁদুর দিতে হবে। শেখ হাসিনা প্রত্যেক

উপজেলায় একটি করে মডেল মসজিদ নির্মাণ করেছেন।

নারীদের উদ্দেশ্যে তিনি বলেন, দেশে অর্ধেক ভোটার নারীরা। এদেশের নেত্রীও একজন নারী। শেখ হাসিনার নৌকা প্রতিকে ভোট দিয়ে আবারো উন্নয়নের সুযোগ করে দিবেন।

বাড়াদী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মকবুল হোসেনের সভাপতিত্বে কর্মীসভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্নসাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম টোটন জোয়াদ্দার, সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমঙ্গীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, জেলা আওয়ামীলীগ নেতা শওকত আলী, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি আলাউদ্দিন হেলা, সাধারণ সম্পাদক আব্দুল কাদের, আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন।

সাবেক জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুর রশিদ, রেজাউল হক, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, সাবেক প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, চিৎলা ইউনিয়ন আওয়ামীলীগ নেতা বীরমুক্তিযোদ্ধা নুরুজ্জামান লাল্টু, জেলা পরিষদ সদস্য মজনুর রহমান, সাইফুর রহমান পিন্টু, জয়নাল আবেদীন, আবু তাহের আবু, বিল্লাল হোসেন।

ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম লাল্টুর উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা শামীম বিশ্বাস, আব্দুর রাজ্জাক, সিনজাতুল মুস্তাহাব, জহুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আলতাফ হোসেন, বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান লালটু, বীর মুক্তিযোদ্ধা শেখ আমিনুদ্দিন, শরিফুল ইসলাম মেম্বার, কলিমুদ্দিন বিশ্বাস, বীর মুক্তিযোদ্ধা মনসুর আলী, আওয়ামীলীগ নেতা আসাবুল হক হক সম্রাট, ইলিয়াস হোসেন, ইলিয়াস হোসেন, ফজিরুল ইসলাম, আসাদুল হক আশা, শরিফুল ইসলাম শরীফ, তহিদুল হক চন্দন, জয়নাল আবেদীন, আব্দুল হান্নান, হাফেজ মোঃ ইসমাইল হোসেন, সাইদুর রহমান প্রমূখ।

চুয়াডাঙ্গায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অস্ত্রসহ প্রশিক্ষনার্থীদের পাঠদান

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে (পুরুষ) অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের পাঠদান করানো হয়েছে।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী চুয়াডাঙ্গা কর্তৃক আয়োজিত জেলা আনসার ভিডিপি কার্যালয়ে সকাল সাড়ে এগারোটার সময় ৫ম ধাপ অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে (পুরুষ) অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ব্যক্তিগত নিরাপত্তা, কমিউনিটি নিরাপত্তা, ইভটিজিং বা যৌন হয়রানি, খুন, ধর্ষণ, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন, সাইবার ক্রাইম ও আইনশৃঙ্খলা রক্ষা এবং নিরাপত্তা বিধানে আনসার ও ভিডিপির ভূমিকা ও করণীয় সম্পর্কে পাঠদানে বিশদ আলোচনা করেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(প্রশাসন ও অর্থ) মোঃ রিয়াজুল ইসলাম।

উক্ত আয়োজনে আরোও উপস্থিত ছিলেন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর চুয়াডাঙ্গা জেলা কমান্ডার সঞ্জয় চৌধুরী সহ প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা।

জীবননগরে দুই মাদকসেবীর ৩ মাসের কারাদণ্ড

জীবননগরে দুই মাদকসেবীকে তিন মাস করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রামমাণ আদালত। আজ সোমবার (১৩ নভেম্বর) সকাল ১০টার দিকে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এই কারাদণ্ড দেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসিনা মমতাজ।

এর আগে মাদকসেবন অবস্থায় জীবননগর শাপলাকলি পাড়ার রমজান আলীর ছেলে রিফাত ও উপজেলায় কর্চাডাঙ্গার গ্রামের আখের আলীর স্ত্রী মোছা. ফিরোজাকে গ্রেপ্তার করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, আজ সোমবার সকাল সাড়ে ৯টার দিকে জীবননগর থানা মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে মাদকসেবন অবস্থায় রিফাত ও মোছা. ফিরোজাকে আটক করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা।

এসময় তাঁদের কাছ থেকে ৩শ গ্রাম গাঁজা ও ৩০ পিস ইয়াবা জব্দ করা হয়। পরে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাসিনা মমতাজকে খবর দেওয়া হলে তিনি ঘটনাস্থলে যান।

পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে দুজনকে তিন মাস করে বিনাশ্রম কারাদণ্ড দেন তিনি। এসময় জব্দ মাদক জনসম্মুখে ধ্বংস করা হয়। আর দুজনকে কারাগারে পাঠানো হয়।

দামুড়হুদায় আইন-শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় আইন-শৃংখলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে । আজ সোমবার সকাল ১০টায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার প্রতিনিধি এস আই তৌহিদুল ইসলাম,দর্শনা থানার প্রতিনিধি এস আই আব্দুর রহমান,দর্শনা কোম্পানী কমান্ডার সুবেদার জহির উদ্দিন বাবর, মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তা হোসনে জাহান,হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, দামুড়হুদা মডেল মসজিদের পেশ ঈমাম মুফতি মামুনুর রশীদ, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম

নুরুন্নবীসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা দামুড়হুদা উপজেলায় আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনের পাশাপাশি মাদক-জুয়া,চুরি-ডাকাতি, বাল্যবিবাহ, যৌতুক, নারী- নির্যাতন, ইভটিজিংও আইনশৃংখলা বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

এসময় ইউএনও রোকসানা মিতা বক্তব্য বলেন, বর্তমান সরকার দেশের জানমালের নিরাপত্তা নিশ্চিতে বদ্ধ পরিকর। তাই অপরাধ প্রবণতা বন্ধে ও আইনশৃঙ্খলা উন্নয়নের পাশাপাশি সকল নাগরিককে ভূমিকা রাখতে হবে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহবান জানান।